



ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক

-----RESERVE BANK OF INDIA-----

[www.rbi.org.in](http://www.rbi.org.in)

আরবিআই/২০১২-১৩/১৬৮

ডিবিওডিনং.লেগ.বিসি.৩৭/০৯.০৭.০০৫/২০১২-১৩

অগাস্ট ১৬, ২০১২

সকল তফসিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্কসমূহ

(আরআরবিগুলি ব্যতীত)

প্রিয় মহাশয়

**ব্যাঙ্কে রক্ষিত “যে কেহ অথবা উত্তরজীবী” অথবা “পূর্বতন অথবা উত্তরজীবী” আদেশ সমেত মেয়াদি/স্থায়ী আমানত-এর মেয়াদপূর্ব পরিশোধ---স্পষ্টিকরণ**

অনুগ্রহ করে আমাদের নভেম্বর ৪, ২০১১ তারিখের সার্কুলার ডিবিওডি নং.লেগ বিসি ৪৬/০৯.০৭.০০৫/২০১১-১২-এর অনুল্লেখ ৪ দেখুন যেখানে বলা আছে “যে কেহ অথবা উত্তরজীবী” অথবা “পূর্বতন অথবা উত্তরজীবী” আদেশ সমেত মেয়াদি/ স্থায়ী আমানতের যৌথ আমানতকারীর, যদি চান, যে কেউ একজন অপর জনের মৃত্যুতে মেয়াদ শেষের পূর্বেই টাকা তুলে নিতে পারেন, ব্যাঙ্কগুলিও তার জন্য স্বচ্ছন্দে অনুমতি দিতে পারে, যদি তারা পূর্বেই এই উদ্দেশ্যে আমানতকারীদের কাছ থেকে বিশেষ যৌথ আদেশনামা নিয়ে থাকে। এই প্রসঙ্গে জুন ৯, ২০০৫ তারিখের সার্কুলার ডিবিওডি নং.লেগ বিসি ৯৫/০৯.০৭.০০৫/২০০৪-০৫ দেখুন যেখানে ব্যাঙ্কগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে একাউন্ট খোলার ফর্মে এমন একটি ধারা অন্তর্ভুক্ত করতে যে ফর্মে নির্দিষ্ট শর্তাধীনে আমানতকারীর মৃত্যুর মত ঘটনায় মেয়াদি আমানতের মেয়াদপূর্ব নিষ্পত্তি সম্ভব। ব্যাঙ্কগুলিকে উপরোক্ত বিষয়ের ব্যাপক প্রচার করতে এবং আমানত (ডিপোজিট) একাউন্ট গ্রাহকদের এই মর্মে পরিচালনা করতে নির্দেশ দেওয়া হয়েছে।

২. পুনরায় বলা হচ্ছে যে “যে কেহ অথবা উত্তরজীবী” অথবা “পূর্বতন অথবা উত্তরজীবী” আদেশ সমেত মেয়াদি জমার ক্ষেত্রে, যৌথ আমানতকারীর একজনের মৃত্যুতে জীবিত অপরজন যদি চান অকালে আমানত তুলে নিতে, সংশ্লিষ্ট ব্যাঙ্ক তার অনুমতি দিতে পারে, একমাত্র তখনই, যখন এই কাজে যৌথ আমানতকারীর কাছ থেকে যৌথ আদেশনামা নেওয়া হয়ে থাকে।

৩. আমাদের নজরে এসেছে যে ব্যাঙ্কগুলির মধ্যে বেশ কয়েকটি একাউন্ট খোলার ফর্মে এইরূপ একটি ধারা অন্তর্ভুক্ত করেনি বা এইরূপ আদেশনামার সুবিধা সম্পর্কে গ্রাহকদের সচেতন করার যথেষ্ট প্রয়াস নেয়নি, পরিণামে “জীবিত” আমানত (ডিপোজিট) একাউন্টের গ্রাহক(দের) অনাবশ্যক অসুবিধার মধ্যে ফেলা হয়েছে। সেইজন্য, ব্যাঙ্কগুলিকে বলা হচ্ছে যে একাউন্ট খোলার ফর্মে পূর্বাংক ধারা অবশ্যই অন্তর্ভুক্ত করতে এবং তাদের বর্তমান মেয়াদি আমানত(ডিপোজিট) গ্রাহক অথবা ভবিষ্যতে যাঁরা হবেন তাঁদেরকে এইরূপ একটি বিকল্পের প্রাপ্যতা সম্পর্কে অবহিত করতে।

৪. যৌথ আমানত (ডিপোজিট) গ্রাহকগণকে স্থায়ী আমানত করার সময় অথবা মেয়াদ/মেয়াদ কালের মধ্যে বা পরবর্তী যে কোনও সময় আদেশনামা দেওয়ার অনুমতি দেওয়া যেতে পারে। এইরূপ আদেশনামা থাকলে, ব্যাঙ্ক যৌথ আমানতকারীর মধ্যে মৃত গ্রাহকের আইনসঙ্গত উত্তরাধিকারীর খোঁজ না করে জীবিত আমানতকারী দ্বারা মেয়াদি/ স্থায়ী আমানতের মেয়াদপূর্ব নিষ্পত্তি অনুমোদন করতে পারে। আবারও জানানো হচ্ছে যে এইরকম মেয়াদ শেষ হওয়ার আগে টাকা তুলে নেওয়ার জন্য কোনও শাস্তিমূলক মাসুল ধার্ম করা হবে না।

৫. এই সার্কুলারে প্রদত্ত স্পষ্টিকরণ জুন ৯, ২০০৫ তারিখের সার্কুলার ডিবিওডি.নং.লেগ.৯৫/০৯.০৭.০০৫/২০০৪-০৫-এর অনুল্লেখ ৩-এর স্থলাভিষিক্ত হবে।

আপনার বিশ্বস্ত,

(রাজেশ ভার্মা)

মুখ্য মহাপ্রবন্ধক